ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৯৯

কুমারঘাট,৯ সেপ্টেম্বর,২০২৫

# মানুষের চাহিদাকে প্রাধান্য দিয়ে রাজ্যের সর্বত্র উন্নয়নের কাজ চালানো হচ্ছে : শিল্প ও বাণিজ্যমন্ত্রী

মানুষের চাহিদাকে প্রাধান্য দিয়ে রাজ্যের সর্বত্র উন্নয়নের কাজ চালানো হচ্ছে। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্য নিয়ে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। এ সমস্ত প্রকল্প যথাযথভাবে সুবিধাভোগীদের কাছে পৌঁছাচ্ছে কিনা সে বিষয়ে খোঁজখবর রাখতে হবে। আজ পেঁচারথল বি.এ.সি.-র বিশেষ সভায় বক্তব্য রাখতে গিয়ে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন। তিনি বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকার সমাজের সব অংশের মানুষের সুবিধার দিকে নজর রেখে বিভিন্ন প্রকল্পের কাজ রূপায়ণ করা হচ্ছে। সমাজের একেবারে প্রান্তিক অংশের মানুষও যাতে এই সমস্ত প্রকল্পের সুবিধা পেতে পারেন সেদিকে জনপ্রতিনিধি থেকে শুরু করে প্রকল্প রূপায়ণের সঙ্গে যুক্ত দপ্তরের আধিকারিকদের নজর রাখতে হবে। তবেই এই সমস্ত প্রকল্প যথাযথভাবে কার্যকর হবে।

আজ পেঁচারথল বি.এ.সি. হলে অনুষ্ঠিত পেঁচারথল বি.এ.সি.র বিশেষ বৈঠকে বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি, নতুন কাজের প্রস্তাব গ্রহণ, কোথাও কোনও কাজ আটকে থাকলে তা সমাধান করে দ্রুততার সাথে কাজ শেষ করার বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা হয়। শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পেঁচারথল বি.এ.সি.র চেয়ারম্যান সজল চাকমা, ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের সি.ই.ও. টি.কে. চাকমা, ঊনকোটি জেলার জেলাশাসক ড. তমাল মজুমদার, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন. এস. চাকমা, বি.ডি.ও. ওঙ্কার দেব এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বৈঠকে বি.ডি.ও. ওঙ্কার দেব পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ব্লকের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের চিত্র তুলে ধরেন। ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের সি.ই.ও. টি.কে. চাকমা স্বসহায়ক দলগুলির অর্থনৈতিক কার্যকলাপ বৃদ্ধির জন্য দপ্তরের আগামী পরিকল্পনা তুলে ধরেন।

*****